

ভোটদাতার প্রতি নির্দেশিকা

3 novembre 2013

Élection Montréal

jevotepourmaville.ca

কুইটবেক -এর মূখ্য নির্বাচক অফিসার আপনাকে আপনার অধিকারের বিষয়ে অবহিত করছেন.

আপনি কি ভোট দিতে পারেন?

ভোট দেবার জন্য আপনাকে অবশ্যই নির্বাচনী তালিকায় নথীভুক্ত থাকতে হবে এবং নির্বাচনের দিন নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে:

- অবশ্যই কমপক্ষে 18 বছর বয়স হতে হবে;
- কানাডিয়ান নাগরিক হতে হবে এবং
- কিউইটবেকে ছয় মাসের পুরাতন স্থায়ী বাসিন্দা হতে হবে।

আপনার নাম কি নির্বাচনী তালিকায় নথীভুক্ত আছে?

এটি আপনি পরীক্ষা করে নিতে পারেন নাম নথীভুক্তি বিজ্ঞপ্তি সঙ্গে মিলিয়ে, যা আপনি বাড়িতে পেয়েছেন।

কেমন করে আপনি নির্বাচনী তালিকায় আপনার নাম নথীভুক্ত করবেন?

আপনাকে নাম নথীভুক্ত অথবা সংশোধনের আবেদন পত্র জমা দেবার জন্য সংশোধনী কার্যালয়ে যেতে হবে। আপনার আত্মীয়, স্বামী বা স্ত্রী অথবা কোনো ব্যক্তি, যিনি আপনার সঙ্গে বাস করেন, তিনি আপনার হয়ে আবেদন পত্র জমা দিতে পারেন।

আপনাকে দুটি পরিচয়পত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে, নচেৎ এটি বাতিল হয়ে যাবে।

1ম দস্তাবেজ

প্রথমটিতে অবশ্যই আপনার নাম এবং জন্মতারিখ উল্লেখ থাকতে হবে। উদাহরণ: জন্ম প্রমাণপত্র, স্বাস্থ্য বীমা কার্ড, কানাডিয়ান পাসপোর্ট।

2য় দস্তাবেজ

দ্বিতীয়টিতে অবশ্যই আপনার নাম এবং আপনার ঠিকানার উল্লেখ থাকতে হবে। উদাহরণ: ড্রাইভিং লাইসেন্স, টেলিফোন বা বিদ্যুতের বিল।

কোথায় সংশোধনী কার্যালয় অবস্থিত?

আপনি বাড়িতে যে নথীভুক্তি বিজ্ঞপ্তি পেয়েছেন সেটিতেই উল্লেখ আছে সংশোধনী কার্যালয়ের ঠিকানা, খোলা থাকার দিন এবং সময়।

কোথায় এবং কখন আমি ভোট দিতে যাব?

নির্বাচনের দিনের কিছু আগে আপনি এক স্মারকপত্র পাবেন, সেখানে আপনি কখন এবং কোথায় ভোট দেবেন তার উল্লেখ থাকবে। ভোটদানের দিন নির্দেশিত ঠিকানায় সকাল 10টা থেকে রাত্রি 8টার মধ্যে যান। আপনি অগ্রিম ভোটদানের মাধ্যমেও ভোট দিতে পারেন। আপনার অগ্রিম ভোটদান কেন্দ্রের ঠিকানা, খোলা থাকার দিন ও সময় বিজ্ঞপ্তির মধ্যে উল্লেখিত রয়েছে যা আপনি বাড়িতেই পাবেন। অগ্রিম ভোটদানের সকল ভোটদান কেন্দ্রগুলি চলাফেরার শক্তি কমে যাওয়া লোকদের জন্য উপলব্ধ।

নতুন : ভোট দেবার চারটি অতিরিক্ত দিন

আপনি ভোটদানের দিনে অথবা অগ্রিম ভোটদানের দিনগুলিতে ভোট দিতে পারবেন না? আপনার বরোর মধ্যে নির্বাচনী অফিসে এসে ভোটদানের জন্য আপনার কাছে চারটি অতিরিক্ত দিন রয়েছে। সকল বরোর নির্বাচনী অফিসগুলি চলাফেরার শক্তি কমে যাওয়া লোকদের জন্য উপলব্ধ রয়েছে।

বরো নির্বাচনী অফিসের খোলার দিন এবং সময়ের তথ্য জানতে, আমাদের ওয়েবসাইট দেখুন বা নির্বাচনী আধিকারিকের অফিসের সাথে যোগাযোগ করুন।

কেমন করে ভোট দেবেন

ধাপ 1 নির্বাচনী আধিকারিক, নির্বাচনী তালিকায় আপনার নাম অন্তর্ভুক্ত আছে কিনা পরীক্ষা করে দেখবেন।

ধাপ 2 আপনি আপনার পরিচয়ের সপক্ষে একটি পরিচয়পত্র দাখিল করবেন।

ধাপ 3 আপনাকে ব্যালট পত্র দেওয়া হবে।

ধাপ 4 আপনি বুঝে যান, যেখানে গুপ্তভাবে আপনি আপনার পছন্দ জানাতে পারবেন। মুখ্য নির্বাচনী আধিকারিক আপনাকে যে ব্যালটপত্রটি দেবেন, সেটিতে পেন্সিল দিয়ে কেবলমাত্র একটি গোল চিহ্ন দিন।

ধাপ 5 ভোট দেবার পর টেরিবলে ফিরে আসুন।

ধাপ 6 ব্যক্তিগতভাবে আপনার ব্যালটপত্রগুলি ব্যালট বাগে জমা দিন।

জরুরী বিষয়! ভোট দেবার জন্য আপনার পরিচয় প্রমাণের জন্য নিম্নলিখিত দস্তাবেজের যে কোন একটিটিকে দেখাতে হবে:

- স্বাস্থ্য বীমা কার্ড
- ড্রাইভিং লাইসেন্স
- কানাডিয়ান পাসপোর্ট
- ভারতীয়দের প্রমাণপত্র
- কানাডিয়ান বাহিনীর পরিচয়পত্র।

আপনি কি চলাফেরা করতে অক্ষম?

যদি আপনি স্বাস্থ্যের কারণে চলাফেরায় অক্ষম হন তাহলে আপনি আপনার স্থায়ী বাড়ীতেই ভোট দিতে পারেন। এটি করার জন্য আপনাকে আপনার নির্বাচনী এলাকার নির্বাচনী আধিকারিকের কাছে লিখিত আবেদনপত্র পাঠাতে হবে। যদি আপনি আপনার বাসস্থানে ভোট দিতে চান, তাহলে নির্বাচনী আধিকারিকের সাথে যোগাযোগ করে কেমন করে নিজেকে নথীভুক্ত করতে হবে সেই তথ্য আপনি নিতে পারেন।

আপনার কোন প্রশ্ন আছে?

- আমাদের ওয়েবসাইট দেখুন : www.jevotepourmaville.ca
- আমাদের সাথে ফোনে যোগাযোগ করুন : 514 872-VOTE (8683)
- আমাদের ই-মেল করুন : election@ville.montreal.qc.ca

Manuel de l'électeur – Résumé – Bengali

উৎস : Le Directeur général des élections du Québec